

আনিসুল হকের স্বপ্নগুলো একেক করে বাস্তবায়ন করছি : ডিএনসিসি মেয়র

নিজস্ব প্রতিবেদক

প্রকাশিত: ০৫:১০ পিএম, ৩০ নভেম্বর ২০২০

ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) প্রয়াত মেয়র আনিসুল হকের তৃতীয় মৃত্যুবার্ষিকী উপলক্ষে দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে। সোমবার (৩০ নভেম্বর) বিকেল ৩টায় নগর ভবনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অসুস্থ থাকায় দোয়া ও মিলাদ মাহফিলে ডিএনসিসি মেয়র আতিকুল ইসলাম ভার্চুয়ালি যোগদান করেন।

মিলাদ মাহফিলের আগে আতিকুল ইসলাম বলেন, ‘আমি হারিয়েছি একজন সহকর্মীকে, আমি হারিয়েছি একজন মানুষকে, যে মানুষ স্বপ্ন দেখে স্বপ্ন বাস্তবায়ন করে। নগরবাসী হারিয়েছে একজন মানুষকে, যিনি কথায় নয় কাজে বিশ্বাসী। তার স্বপ্নগুলো একেক করে বাস্তবায়ন করছি।’

তিনি আরও বলেন, ‘আনিস ভাই বেশকিছু চ্যালেঞ্জিং কাজে হাত দিয়েছিলেন। যেগুলো উনি সমাপ্ত করতে পারেননি। আমি, কাউন্সিলর এবং সিটি করপোরেশনের সবাই মিলে চাচ্ছি কাজগুলো যথা শিগগিরই সমাপ্ত করার জন্য। তার একটি প্রজেক্ট ছিল ইউটার্ন। এটি এই ডিসেম্বরে শেষ হবে। এমন আরও অনেক প্রজেক্ট রয়েছে। আমি শুধু এইটুকু বলবো আনিস ভাই যেটা করেছেন, সেটা উনার নিজের জন্য চিন্তা করে করেননি, বরং করেছেন নগরবাসীর জন্য। প্রধানমন্ত্রী উনাকে নগরের দায়িত্ব দিয়েছিলেন এবং উনি যতদিন বেঁচে ছিলেন, নগর নিয়েই চিন্তা করেছেন। উনার চিন্তাই ছিল নগর, নগর, নগর। নিজের শরীরের জন্যও উনি চিন্তা করেননি। এটি একটি বিরাট গুরু দায়িত্ব যেটি আনিস ভাই নিয়েছেন। এরপর আমার কাছে দায়িত্বটা পড়েছে।’



ডিএনসিসি মেয়র বলেন, ‘আনিস ভাই সিটি করপোরেশনকে যেই জায়গায় নিয়ে গেছেন- মানুষের হৃদয়ে, সেই জায়গায় কাজ করা অত্যন্ত দুরূহ ব্যাপার। তবুও রাব্বুল আল আমিনের কাছে দোয়া করি, আমি, আমার সব কাউন্সিলর ও সিটি করপোরেশনের সবাই মিলে যেন আনিস ভাইয়ের অসমাপ্ত কাজগুলো বাস্তবায়ন করতে পারি।’

দোয়া ও মিলাদ মাহফিলে ডিএনসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সেলিম রেজা বক্তব্য রাখেন। এর আগে সকাল সাড়ে ১০টায় ডিএনসিসি মেয়র মো. আতিকুল ইসলামের পক্ষ থেকে বনানী কবরস্থানে মরহুমের কবরে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করা হয়।

এমএমএ/এআরএ/এমএস